অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/16/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের শিল্প ও সংস্কৃতির উন্নয়ন করতে 82 মিলিয়ন মার্কিন ডলারের তহবিলের সুযোগ ঘোষণা করলেন

2024 অর্থবছরের কাউন্সিল অন দ্য আর্টস অনুদানের জন্য আবেদনের নির্দেশনা এখন উপলভ্য আছে

শিল্প ও সাংস্কৃতিক সংগঠনসমূহকে সমর্থন করার জন্য গত বছরের ঐতিহাসিক তহবিলের অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের 82 মিলিয়ন মার্কিন ডলার কাউন্সিল অন দ্য আর্টস (New York State Council on the Arts, NYSCA) অনুদান এখন পুরো নিউ ইয়র্ক স্টেটের অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংগঠন এবং স্বতন্ত্র শিল্পীদের জন্য উপলভ্য আছে। এই অনুদানগুলি শুরু করার ফলে তা ব্যাপক ব্যাপ্তির সংগঠন এবং শৈল্পিক প্রচেষ্টাকে সমর্থনের জন্য নমনীয় তহবিল প্রদান করবে, যার মধ্যে থাকবে নতুন কাজ সৃষ্টির জন্য স্বতন্ত্র শিল্পীকে সাজায় করা, সম্প্রদায়ের সংগঠনে নতুন ও বিদ্যমান কর্মসূচি টিকিয়ে রাখা, সাশ্রয়ী মহড়া ও স্টুডিও স্থান পাওয়ার সুযোগ বৃদ্ধি করা, এবং পার্ফর্মিং আর্টস রেসিডেন্সির জন্য সুযোগ সম্প্রসারণ করা। আবেদনপত্রের নির্দেশনা এখন arts.ny.gov এ উপলভ্য আছে।

"শিল্প ও সংস্কৃতি দীর্ঘদিন ধরেই নিউ ইয়র্কের পরিচিতির একটি মুখ্য অংশ হয়ে আছে, এবং এটি বসবাস, কাজ, ও বেড়ানোর একটি সমৃদ্ধ ও প্রাণবন্ত স্থান হিসেবে আমাদের স্টেটের সফলতার একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান," **গভর্নর হোকল বলেন।** "অত্যাবশ্যকীয় এইসব তহবিলের সুযোগ বৈচিত্র্যময় ও উদ্ভাবনী প্রকল্পের ব্যাপক একটি ব্যাপ্তিকে সমর্থন করার মাধ্যমে আমাদের সৃজনশীল খাতকে বলীয়ান করবে, এবং আমাদের শিল্প ও সাংস্কৃতিক সংগঠনকে আরো বিকশিত ও এর প্রবৃদ্ধি করবে, এবং একইসাথে নিউ ইয়র্কবাসী ও বেড়াতে আসা মানুষ সকলের জন্য এটিকে আরো সহজলভ্য করবে।"

2024 অর্থবছরের NYSCA সুযোগের জন্য একটি সূচনা ওয়েবিনার 18 মে, বৃহস্পতিবার, সকাল 11 টায় আয়োজিত হবে। এখানে নিবন্ধন উপলভ্য আছে।

নিম্নোক্ত সুযোগগুলির জন্য নির্দেশনা NYSCA ওয়েবসাইটে ডাউনলোডের জন্য উপলভ্য আছে:

- **সংগঠনসমূহের জন্য সমর্থন**
  - যোগ্য শিল্প ও সাংস্কৃতিক সংগঠনসমূহের জন্য নমনীয় পরিচালনা ও কর্মসূচির তহবিল প্রদান করে। অর্থের সীমা হলো 10,000 মার্কিন ডলার থেকে 49,500 মার্কিন ডলার।

- **শিল্পীদের জন্য সমর্থন**
  - স্টেটব্যাপী স্বতন্ত্র শিল্পীদের সৃজনশীল কমিশনের অর্থায়ন করে। কমিশনের ক্ষেত্রে মধ্যে রয়েছে নৃত্য নির্দেশনা, সঙ্গীত নির্মাতা, ফিল্ম মিডিয়া, এবং নতুন প্রযুক্তি, লোক এবং ঐতিহ্যবাহী শিল্প, আন্তঃবিভাগীয় সাহিত্য, থিয়েটার কমিশন, এবং ভিজ্যুয়াল শিল্প। অর্থের পরিমাণ হলো 10,000 মার্কিন ডলার।

- **অভীষ্ট সুযোগের জন্য সমর্থন**
  - পার্ফর্মিং আর্টসের জন্য মহড়া ও স্টুডিও স্থান এই তহবিলের উদ্দেশ্য হলো সৃজনশীল মহড়ার সময়কে এবং অলাভজনক শিল্পী গোষ্ঠী ও শিল্পীদেরকে সম্ভবপর ও সাশ্রয়ী স্থান প্রদান করে এমন সংগঠনকে সমর্থন করা। অর্থের সীমা হলো 15,000 মার্কিন ডলার থেকে 35,000 মার্কিন ডলার।
  - লোক এবং ঐতিহ্যবাহী শিল্পের শিক্ষানবিশি: এই তহবিলটি লোক শিল্পে অভিজ্ঞ ব্যক্তিদেরকে তাদের নিজেদের সম্প্রদায়ের গুরু লোকশিল্পীর সাথে অধ্যয়ন করার সুযোগ প্রদান করে। অর্থের পরিমাণ হলো 10,000 মার্কিন ডলার।
  - পার্ফর্মিং আর্টস রেসিডেন্সি। সুযোগটি আবেদনকারীর হোম কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটির বাইরে, নিউ ইয়র্ক স্টেটের কোনও অভীষ্ট এলাকায় নিউ ইয়র্ক ভিত্তিক পার্ফর্মিং আর্টস দল প্রদত্ত সর্বনিম্ন 3-ধারাবাহিক সপ্তাহ রেসিডেন্সিকে সমর্থন করে। অর্থের সীমা হলো 15,000 মার্কিন ডলার থেকে 35,000 মার্কিন ডলার।

- **রিগ্র্যান্ট এবং সেবার জন্য সমর্থন**
  - স্টেটব্যাপী আঞ্চলিক শিল্প ও সাংস্কৃতিক সংগঠনের একটি নেটওয়ার্ক, স্টেটের কমিউনিটি রিগ্র্যান্ট (State Community Regrant) সাইটসমূহের অর্থায়নকে সমর্থন, এগুলি নিজেদের স্থানীয় অভিজ্ঞতা ব্যবহার করে 62টি কাউন্টির প্রতিটিতে শিল্পী ও অলাভজনক সংগঠনকে প্রদত্ত NYSCA অনুদানের প্রভাব বিস্তৃত করে এবং একইসাথে এই খাতে সেবাদানকারী সংগঠনসমূহকে তহবিল প্রদান করে। এই সুযোগটি শুধু আমন্ত্রিতদের জন্য।

1 জুন, বৃহস্পতিবার, আবেদনের পোর্টালটি খুলবে। আবেদনের শেষ সময় হলো 13 জুলাই, বৃহস্পতিবার, বিকাল 4টায়। অনুদানের জন্য আবেদন করার পূর্বে সকল আবেদনকারীকে NYS অনুদান গেটওয়ের (NYS Grants Gateway) মাধ্যমে প্রাক যোগ্যতার প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে। যত দ্রুত সম্ভব প্রাক যোগ্যতার প্রক্রিয়া শুরু করার জন্য NYSCA আবেদনকারীদের তাগিদ দিচ্ছে। মূলধন প্রকল্পের অনুদানের সুযোগ ফল মৌসুমে ঘোষণা করা হবে।

শিল্প ও সাংস্কৃতিক খাতের এই ঐতিহাসিক সুযোগসমূহ গত বছরের ঐতিহাসিক মাত্রার শিল্প তহবিলকে অব্যাহত রাখছে, যার মধ্যে মূলধন প্রকল্পের জন্য নজিরবিহীন সমর্থন ছিলো। 2023 অর্থবছরে, NYSCA 426 জন শিল্পী এবং 1,200 এর বেশি সংগঠনকে সমর্থন অনুদান হিসেবে 90 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের নির্বাহী পরিচালক মারা ম্যানুস বলেন, "পুনরুদ্ধার এবং পুনরুজ্জীবনের এই অতি গুরুত্বপূর্ণ ক্রান্তিলগ্নে গভর্নর এবং আইনসভার প্রতি অশেষ কৃতজ্ঞতা জানিয়ে আমরা শিল্প ও সাংস্কৃতিক খাতের অব্যাহত এই সমর্থনকে উদযাপন করছি। শিল্প বিনিয়োগের দারুণ ফলাফল প্রদান করে, তাই আমরা জানি যে শিল্পের প্রতি অতি গুরুত্বপূর্ণ এই সমর্থন নিউ ইয়র্ক এবং এখানে বেড়াতে আসা সকলের জন্য ব্যক্তিগত সুস্থতা, সম্প্রদায়ের স্বাস্থ্য ও অর্থনৈতিক সমৃদ্ধি আরো বৃদ্ধি করবে।"

নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের প্রধান ক্যাথরিন নিকোলস বলেন, "সকলের জন্য নিউ ইয়র্ক সত্যের শিল্প, সংস্কৃতি, এবং সৃজনশীলতার সম্পূর্ণ ব্যাপ্তি ধারণ ও অগ্রসর করার জন্য আমাদের প্রতিশ্রুতিকে NYSCA এর নবায়িত মিশন আরেকবার নিশ্চিত করে। গভর্নর হোকল এবং আইনসভার নেতৃত্বের কল্যাণে NYSCA শিল্প ও সাংস্কৃতিক সংগঠনকে অর্থপূর্ণ আর্থিক সমর্থন প্রদান করে যাবে যার ফলে নিউ ইয়র্ক স্টেটের শিল্পী, দর্শক, শিক্ষার্থী, সম্প্রদায়, এবং বেড়াতে আসা মানুষ লাভবান হবে।"

স্টেটের সিনেটর হোসে সেরানো বলেন, "আমাদের পুরো স্টেটের অর্থনীতি, সম্প্রদায় এবং মানুষের জন্য শিল্প ও সংস্কৃতি অত্যাবশ্যকীয়। শিল্প আমাদের সামগ্রিক চেতনাকে অনুপ্রাণিত ও পরিপুষ্ট করে, এবং NYSCA এর আজকের ঘোষণা ও নিউ ইয়র্কের শিল্পী ও সংগঠনকে সমর্থন করার জন্য তাদের অব্যাহত প্রতিশ্রুতিকে আমি অভিনন্দন জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ড্যানিয়েল ও'ডোনেল বলেন, "আমাদের স্টেটের প্রতিটি ক্ষেত্রকে উজ্জীবিত করে যে শিল্পের অসাধারণ ক্ষমতা, তার স্বীকৃতি ও সমর্থন করা আমাদের জন্য অত্যাবশ্যকীয়। একটি উল্লেখযোগ্য শিল্প বাজেট নিশ্চিত করতে আমাদের সাহায্য করার জন্য আমার সহকর্মীদের প্রয়াসের প্রতি আমি কৃতজ্ঞ, এটি নিশ্চিত করবে যাতে শিল্প ও সংস্কৃতির একটি বৈশ্বিক কেন্দ্র হিসেবে নিউ ইয়র্ক উজ্জ্বল হয়ে থাকে। আমাদের স্টেটজুড়ে এর অনুদান প্রদানের মাধ্যমে NYSCA কী প্রভাবশালী ফলাফল নিয়ে আসে তা দেখতে আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন আর্টস সম্পর্কে
NYSCA শিল্পকলা ও সংস্কৃতি সংরক্ষণ এবং প্রগতিশীল করে যা নিউ ইয়র্ক স্টেটকে বসবাস, কাজ এবং ভিজিটের জন্য একটি ব্যতিক্রমী স্থান করে তোলে। কাউন্সিল আমাদের কমিউনিটি, শিক্ষা, অর্থনৈতিক উন্নয়ন এবং জীবনযাত্রার গুণমানে শিল্পকলা যে গুরুত্বপূর্ণ অবদান রাখে তা অনুভব করার সমস্ত নিউ ইয়র্ক বাসীর অধিকারকে সমর্থন করে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে শিল্পকলার চলমান পুনরুদ্ধারকে সমর্থন করার জন্য, 2024 অর্থ বছরে NYSCA 127 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করছে, যা শিল্পকলার সম্পূর্ণ বিস্তৃতি জুড়ে সহায়তা প্রদান করছে।

মাঠের নেতা-কর্মীদের একত্রিত করে এবং সাংগঠনিক ও পেশাগত উন্নয়নের সুযোগ এবং তথ্যমূলক সম্পদ প্রদান করার মাধ্যমে NYSCA নিউ ইয়র্কের সৃজনশীল সংস্কৃতিকে আরো এগিয়ে নিয়ে যায়। 1960 সালে গভর্নর নেলসন রকফেলার কর্তৃক তৈরি এবং গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক স্টেট আইনসভার সমর্থনে অব্যাহত, কাউন্সিল হল একটি সংস্থা যা নির্বাহী শাখার অংশ। NYSCA সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে http://www.arts.ny.gov NYSCA-এর ফেসবুক পেজ, টুইটার @NYSCArts এবং ইনস্টাগ্রাম @NYSCouncilontheArts অনুসরণ করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418